দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JAN 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস আজ

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস। ৪৩ বছর পেরিয়ে ৪৪ বছরে পদার্পণ করছে আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

দিবসটি উপলক্ষে নানা কর্মসূচি হাতে নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ সকাল সাড়ে নয়টায় বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর (কদমতলায়) সমাবেশ, সকাল ১০টায় উদ্বোধন ও বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। এছাড়া দিনব্যাপী কর্মসূচির মধ্যে বিশ্ববিদ্যালয়ের ১ম ব্যাচের শিক্ষার্থীদের সংবর্ধনা, আলোচনা, বিশ্ববিদ্যালয় উন্নয়নের উপর প্রামাণ্য চিত্র প্রদর্শন, পুতুল নাচ, স্মৃতিচারণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## জুবায়ের হত্যা মামলার আসামিকে অব্যাহতি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আলোচিত জুবায়ের হত্যা মামলার আসামি মো. মাহমুদুল হাসান মাসুদকে চাকরি থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। আদেশে উল্লেখ করা হয়, বিশ্ববিদ্যালয়ের পরিবহন অফিসে মাস্টার রোলে কর্মরত নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মাসুদ চার্জশিটভুক্ত আসামি হওয়ায় এবং তার বিরুদ্ধে আদালতে মামলা বিচারাধীন থাকায় তাকে বিশ্ববিদ্যালয়ের চাকরি (মাস্টাররোল) থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে।